# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (২২) তারাবীহ সালাত প্রসঙ্গে বর্ণনা

## 22 ـ فَصْلٌ فِي التَّرَاوِيحِ

আরবী

2532 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا مُسْلِمُ بْنُ خَالِدٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِذَا النَّاسُ فِي رَمَضَانَ يُصَلُّون فِي نَاحِيَةِ الْمَسْجِدِ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا هَؤُلَاءِ؟ ) فَقِيلَ ناسٌ لَيْسَ مَعَهُمْ قُرْآنٌ وَأُبَيُّ بْنُ كَعْبٍ يُصَلِّي بِهِمْ وَهُمْ يُصَلُّونَ بِصَلَاتِهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أصابوا ـ أو نِعْمَ ما صنعوا ـ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2532 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((ضعيف أبي داود)) (243).

বাংলা

২৫৩২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানের একরাতে বের হয়ে দেখতে পেলেন যে, লোকজন মাসজিদের এক কোণায় সালাত আদায় করছে। তখন তিনি বলেন, “এরা কী (সালাত আদায় করছে)?” তাঁকে বলা হলো, “এরা এমন কিছু লোক যাদের কুরআন মুখস্থ নেই তাই উবাই বিন কা‘ব তাদের নিয়ে সালাত আদায় করেন আর তারা তার সাথে সালাত আদায় করে।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তারা সঠিক কাজ করেছে অথবা (রাবীর সন্দেহ যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) তারা যা করছে, তা কতইনা ভালো।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ:২২০৮; আবূ দাঊদ: ১৩৭৭; সুনান বাইহাকী: ২/৪৯৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাঊদ: ২৪৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91858

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন